আমাদেরসময়

তারিখ 15 MAR 2016
পৃষ্ঠা ৫ কলাম ৬

# বখাটেদের গ্রেপ্তার করছে না পুলিশ, শিক্ষার্থীদের বিক্ষোভ

শহিদুল ইসলাম সুজন, মানিকগঞ্জ ●
স্কুলের দপ্তরিকে মারধরের প্রতিবাদ ও ইভ টিজিংকারীদের গ্রেপ্তার দাবিতে মানিকগঞ্জের বেতিলা স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থীরা মানববন্ধন ও বিক্ষোভ মিছিল করেছে। গতকাল সোমবার সকাল ১১টার দিকে তারা স্কুল ক্যাম্পাসে মানববন্ধন ও বিক্ষোভ করে।

গত ২৫ ফেব্রুয়ারি বখাটে সুজন ও রুবেল স্কুলে ঢুকে নারী শিক্ষার্থীদের উত্ত্যক্ত করে। স্কুলের দপ্তরি জীবন কুমার সরকার এর প্রতিবাদ করায় বখাটেরা ৬ মার্চ তাকে প্রচণ্ড মারধর করে। তিনি এখন মানিকগঞ্জ হাসপাতালে ভর্তি রয়েছে। এই ঘটনায় ৮ মার্চ মানিকগঞ্জ থানায় অভিযোগ করেন স্কুলের দপ্তরি জীবন কুমার সরকার। ঘটনার ৭ দিন পার হলেও পুলিশ বখাটেদের গ্রেপ্তার করছে না বলে অভিযোগ শিক্ষার্থীদের।

জানা গেছে, গত ২৫ ফেব্রুয়ারি সকাল ১১টার দিকে বেতিলা স্কুল অ্যান্ড কলেজের বাউন্ডারির ভেতরে কয়েক ছাত্রী টিউবওয়েল থেকে পানি পান করা অবস্থায় বখাটে রুবেল ওই ছাত্রীদের উত্ত্যক্ত করছিল। উত্ত্যক্তের প্রতিবাদ করলে সুজন ক্ষিপ্ত হয়ে দপ্তরি জীবন কুমার সরকারকে ভয়ভীতি প্রদর্শন করে এবং সেখান থেকে চলে যায়। এর জেরে ৬ মার্চ সন্ধ্যায় আউটপাড়া মিনু মিয়ার চায়ের দোকানের কাছে জীবনকে একা পেয়ে সুজন ও রুবেল বেধড়ক মারধর করে। তার চিৎকারে এলাকার লোকজন এগিয়ে এলে সুজন ও রুবেল বাদীকে প্রাণনাশের হুমকি দিয়ে চলে যায়। এ ঘটনায় স্কুলের শিক্ষার্থীদের মধ্যে ক্ষোভ বিরাজ করছে। সুজন (২৫) ও রুবেলের (২৮) মানিকগঞ্জ সদর থানায় একটি অভিযোগ করা হয়েছে। সুজন ও রুবেল বেতিলা-মিতরা ইউনিয়নের আউটপাড়া গ্রামের আরশেদ আলীর ছেলে। বেতিলা-স্কুল অ্যান্ড কলেজের সভাপতি মীর আমিরুল হক ঘটনার সঙ্গে জড়িতদের শাস্তির দাবি জানান। মানিকগঞ্জ সদর থানার অফিসার ইনচার্জ আমিনুল ইসলাম জানান, আসামিদের গ্রেপ্তারের চেষ্টা চলছে।